


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা
www.fisheries.satkhirasadar.satkhira.gov.bd

পত্র নং- ৩৩.০২.৮৭৮২.৫০১.৪৯.০০১.২২.৫৮

২৪ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ: ০৯ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমভুক্ত ই-গর্ভনেপ ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১.১ মোতাবেক উদ্ভাবনী উদ্যোগ (Innovation) এর তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমভুক্ত ই-গর্ভনেপ ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১.১ মোতাবেক সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা-এর উদ্ভাবনী উদ্যোগ (Innovation) এর তথ্য নিম্নবর্ণিত ছক মোতাবেক প্রেরণ করা হলো।

সংস্থার নাম	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা
উদ্ভাবনের শিরোনাম	স্বল্প খরচে অ্যাকুয়ারিয়ামে বাহারি ও রঙিন মাছের প্রতিপালন ও প্রজনন পদ্ধতি
কিভাবে যাত্রা শুরু/পটভূমি	আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে বর্তমানে বাংলাদেশেও শখের বসে বাড়িতে অ্যাকুয়ারিয়ামে বিভিন্ন প্রজাতির বাহারি ও রঙিন মাছ পালন করতে দেখা যাচ্ছে। বাড়িতে অ্যাকুয়ারিয়ামে বাহারি ও রঙিন মাছ পালন সম্পর্কিত বিভিন্ন সমস্যা ও প্রশ্ন নিয়ে মানুষজন অনেক সময় উপজেলা মৎস্য দপ্তরে আসে। সেখান থেকে চিন্তা করা হয় যে অ্যাকুয়ারিয়ামে মাছ প্রতিপালন সম্পর্কিত বিষয়গুলি যদি সরাসরি সেবাগ্রহীতাকে দেখানো যেত তাহলে তারা আরও ভালভাবে বিষয়গুলি বুঝতে পারতো।
এ উদ্যোগে কী কী কল্যাণ বয়ে এনেছে	বেশিরভাগ মানুষ যারা অ্যাকুয়ারিয়ামে বাহারি ও রঙিন মাছ পালন করে তারা অ্যাকুয়ারিয়ামের পানির গুণগত মান বজায় রাখার ব্যবস্থা, অ্যাকুয়ারিয়ামে কোন কোন মাছের প্রজাতি রাখা যায় প্রভৃতি বিষয়গুলি সম্পর্কে অজ্ঞাত ছিল। এ উদ্যোগটির মাধ্যমে যারা অ্যাকুয়ারিয়ামে বাহারি ও রঙিন মাছ পালন করে তাদের সামনে অ্যাকুয়ারিয়ামে বাহারি ও রঙিন মাছের প্রতিপালন ও প্রজননের চিত্র তুলে ধরার কারণে তারা এ বিষয়ে স্পষ্ট ধারণা পাচ্ছে। তারা উপজেলা মৎস্য দপ্তর থেকে হাতে কলমে এ বিষয়গুলি শিখে নিজেরা বাসা বাড়িতে সহজে বাস্তবায়ন করতে পারবে।
অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতি	অ্যাকুয়ারিয়ামে বাহারি ও রঙিন মাছ পালনকারীরা এ উদ্যোগটির মাধ্যমে সাধারণ জনগণ বিশেষ করে অ্যাকুয়ারিয়ামে বাহারি ও রঙিন মাছ পালনকারীরা এ উদ্যোগটির ভূয়সী প্রশংসা করছে। তারা অ্যাকুয়ারিয়াম মাছের চাষ ও প্রজনন বিষয়ক বিভিন্ন প্রশ্নের সহজ সমাধান পেয়ে সন্তুষ্টি প্রকাশ করছে। এছাড়া এখন তারা অ্যাকুয়ারিয়ামের পানির গুণাগুণ বজায় রাখতে পারছে এবং পূর্বের ন্যায় আর মাছও মারা যাচ্ছেনা।
টিসিডি	অ্যাকুয়ারিয়ামে বাহারি ও রঙিন মাছের প্রতিপালন ও প্রজনন কৌশল হাতে কলমে সামনে তুলে ধরার কারণে এ বিষয়ে বাহারি ও রঙিন মাছ পালনকারীরা স্পষ্ট ধারণা পাচ্ছে। উপজেলা মৎস্য দপ্তর থেকেই তারা বাহারি ও রঙিন মাছ পালন এবং প্রজনন কৌশল বিষয়ে সেবা নিতে পারছে। এতে করে তাদের আর অন্য কোথাও যাওয়ার প্রয়োজন হচ্ছে না। ফলে তাদের সময় এবং খরচ সাশ্রয় হচ্ছে।
উদ্ভাবন ও বাস্তবায়ন টীম	উদ্ভাবক- মোঃ শফিকুল ইসলাম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা; বাস্তবায়ন টীমের আহ্বায়ক- সাক্বির আহমেদ, সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা মৎস্য দপ্তর, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা; বাস্তবায়ন টীমের সদস্য- মোঃ রবিউল ইসলাম, মেরিন ফিসারিজ কর্মকর্তা, উপজেলা মৎস্য দপ্তর, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা; মোঃ লুৎফর রহমান, সহকারী মৎস্য কর্মকর্তা, উপজেলা মৎস্য দপ্তর, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
গুপ ছবি সংযুক্ত	

(মোঃ শফিকুল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

জেলা মৎস্য কর্মকর্তা
সাতক্ষীরা